# প্রশ্নোত্তরে ফিকহুল ইবাদাত

বিভাগ/অধ্যায়ঃ দ্বিতীয় অধ্যায় - সালাত (নামায)

রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নূরুল ইসলাম

১৫৪. মহিলাদের জুমুআয় শরীক হওয়া কি জায়েয আছে?

জুমুআয় অংশগ্রহণ মেয়েদের জন্য ফরয নয়। তবে কোন নিষেধও নেই। রাসূলুল্লাহ (সা.) এর যামানায় মুহাজির মহিলাগণ নবীজি (সা.)-এর সাথে জুমু'আর সালাত আদায় করতেন। জুমু'আয় শরীক হওয়ার মধ্যে মেয়েদের জন্য কল্যাণের ভাগই বেশি। কারণ দ্বীন শিক্ষার সুযোগ-সুবিধা মেয়েদের জন্য ততটুকু নেই যতটুকু পুরুষদের আছে। কলেজ-ইউনিভার্সিটির শিক্ষায় তারা অগ্রসর হলেও কুরআন ও হাদীসের শিক্ষায় তারা অনেক পেছনে। কমপক্ষে সাপ্তাহিক একটি খুৎবায় তারা ধর্মীয় নিরক্ষরতা অনেকটা কাটিয়ে উঠতে পারে। দ্বীনী ইলমের আলো তারা পেলে পারিবারিক জীবন আরো সুন্দর এবং ছেলে-মেয়েদেরকে দ্বীনী লাইনে মানুষ করার কাজ সহজ হবে। সে লক্ষ্যে নারীদের মসজিদে যাওয়ার সুযোগ করে দেওয়া ও মসজিদে তাদের জন্য আলাদা জায়গা রাখা কর্তৃপক্ষের জন্য একটি মহৎ কাজ হিসেবে বিবেচিত হবে এবং এ হিসেবে তারা সাওয়াবও পাবেন, ইনশাআল্লাহ। শুধু একটা শর্ত যে, মহিলারা পূর্ণ পর্দার সাথে মসজিদে গমনাগমন করবেন ।

Source — https://www.hadithbd.com/books/link/?id=13053

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন